# রপ্তানি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস, চট্টগ্রাম।

নথি নং-১৪/রপ্তানি-১/বিবিধ/২০১৭-১৮ তারিখঃ ২২/০৫/২০১৮ খ্রীঃ

বিষয়ঃ কটন সংশ্লিষ্ট **Shoddy Fiber** নামীয় পণ্যের **H.S.Code** নির্ধারণ ।

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

২। রপ্তানিকারক মেসার্স ওয়ার্ল্ড ভিলেজ সোর্সিং লিঃ ২২/০৪/২০১৮ ইং তারিখে Bill of Export No: C 500288, Dt.02.04.2018 এর মাধ্যমে গার্মেন্টস এর ঝুট কাপড়ের অংশ হতে Garnetting Machine এর মাধ্যমে উৎপাদিত পণ্য Shoddy Fiber যার ঘোষিত H.S.Code 5505.10.00 অথবা 55069000 রপ্তানির অনুমতি চেয়ে কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম বরাবর আবেদন করেন। কমিশনার মহোদয়ের সদয় অনুমতিক্রমে নির্ধারিত ০৮/০৫/২০১৮ ইং তারিখে বিকাল ৪.০০ ঘটিকায় অতিরিক্ত কমিশনার-১, কাস্টম হাউস, চট্টগ্রাম মহোদয়ের অফিস কক্ষে আলোচ্য পণ্য চালানের সঠিক H.S.Code নির্ধারনের জন্য Assessment Committee এর সভা অনুষ্ঠিত হয়। সভায় বিষয়টি নিয়ে পর্যালোচনা করা হয়।

৩। সভায় রপ্তানিকারকের প্রতিনিধি বলেন,

(i) Cotton হল আমদানীকৃত তুলা যাহা প্রাকৃতিক ভাবে গাছ হতে উৎপন্ন হয় এবং তা থেকে স্পিনিং মিলে সুতা উৎপাদনের সময় বাতিলকৃত অংশ Cotton Waste নামে পরিচিত। অপরদিকে Recycled Shoddy Fiber হলো ঝুট কাপড়ের টুকরা / Cotton Clips হতে উৎপাদিত তুলা, যাহা কোন ভাবেই Cotton Waste নয়।

(ii) যেহেতু গামেন্টস্ এর ঝুট কাপড়ের বাতিলকৃত টুকরা / Cotton Clips নিয়মিতভাবে অনেক বছর ধরে কোন রকমের শুল্ক ছাড়াই রপ্তানি হচ্ছে, সেহেতু উক্ত কাপড়ের টুকরা / Cotton Clips হতে উৎপাদিত Recycled Shoddy Fiber এর উপর কোন ভাবেই শুল্ক প্রযোজ্য নয় বলে প্রতীয়মান হয়।

(iii) ঝুট কাপড়ের টুকরা / Cotton Clips ল্যাবে / রাসায়নিক পরীক্ষা করলে ৬০-৯০% পর্যন্ত কটন এর অস্তিত্ব পাওয়া যায় এবং বাদ বাকি অংশ যেমন- Polyster/Synthetic/ Viscos, etc পাওয়া যায়।

(iv) সুতরাং ঝুট কাপড়ের টুকরা / Cotton Clips দ্বারা উৎপাদিত Recycled Shoddy Fiber এ Cotton ফাইবারের মাত্রা বেশি থাকবে এবং অন্যান্য ফাইবারের মাত্রা কম থাকবে সেটাই স্বাভাবিক।

(v) পরিশেষে, ঝুট কাপড়ের টুকরা / Cotton Clips রপ্তানীতে যদি কোন প্রকারের শুল্ক ছাড়াই রপ্তানী হয়, তাহলে ঝুট কাপড়ের টুকরা / Cotton Clips হতে উৎপাদিত Recycled Shoddy Fiber কোন প্রকার শুল্ক ছাড়াই রপ্তানির যৌক্তিক দাবি রাখে।

৪। শুল্কায়নের জন্য উপস্থাপিত নমুনা বিশ্লেষণঃ

শুল্কায়নের জন্য উপস্থাপিত নমুনা বিশ্লেষণ ছাড়াও রপ্তানিকারক প্রতিষ্ঠান কর্তৃক সরবরাহকৃত Cotton Waste এর অন্যান্য নমুনাও পাশাপাশি রেখে পর্যালোচনা করা হয়। তাতে দেখা যায়,

(i) Virgin Cotton হতে (Rotor Spinning Machine /Auto Ring Spinning Machine এর মাধ্যমে) Yarn তৈরীর সময় যে Waste পাওয়া যায়, তা Cotton Waste.

(ii) প্রক্রিয়াকৃত Cotton হতে Yarn তৈরীর সময় যে waste পাওয়া যায় তা Yarn Waste.

(iii) অন্যদিকে Fabrics (Cotton, Synthetic, ইত্যাদি) হতে পোষাক তৈরীর সময় কাটিং waste হিসাবে যা পাওয়া যায় তাকে Rags/ঝুট বলে যার H.S. Code 6310.10.00 এবং 6310.90.00

(iv) Rags / ঝুটকে Garnetted মেশিনের মাধ্যমে Recycle করে যে Fiber পাওয়া যায়, তাকে Garnetted Stock বলে।

(vi) www.textileglossary.com থেকে প্রাপ্ত Garnetting এর সংজ্ঞা ঃ- The breaking up of yarns and fabrics (soft and hard wastes) to a fluffy, fibrous condition for reuse.

(vii) https://www.k-state.edu/atid-sustainability/Initiatives/TexRecycle থেকে প্রাপ্ত Garnetting এর সংজ্ঞা ঃ- Garnetting is the process of recovering the fibers from hard twisted wastes, rags and clippings, especially wool fibers. The object is to thoroughly break up the material and return it a fluffy, fibrous condition so it can be reused in blends, or in some cases alone. A garnet machine is used for this process, for example, in Pranto, Italy, they take old sweaters, break them down into fiber and use this fiber to make biankets.

(vii) এছাড়া ইন্টারনেট থেকে প্রাপ্ত Garnetted Stock এর ইমেজের সাথে উপস্থাপিত নমুনার মিল পাওয়া যায়।

৫। এসেসমেন্ট কমিটির পর্যবেক্ষণঃ

দাখিলকৃত দলিলাদি, ইন্টারনেট থেকে প্রাপ্ত তথ্যাদি, বক্তব্য এবং নমুনা বিশ্লেষণের ভিত্তিতে Assessment Committee মনে করে যে, উপস্থাপিত নমুনা Cotton সংশ্লিষ্ট Rags / ঝুট কাপড় Recycle করে প্রস্তুতকৃত পণ্য Garnetted Stock যার বাণিজ্যিক নাম Shoddy Fiber।

৬। সিদ্ধান্তঃ

সার্বিক তথ্য উপাত্ত ও পণ্যের নমুনা পর্যালোচনা করে সভার উপস্থিত সদস্যবৃন্দ একমত পোষণ করেন যে, Bill of Export No: C 500288, Dt.02.04.2018 এর মাধ্যমে Shoddy Fiber হিসেবে ঘোষিত পণ্য Bangladesh Custom Tariff এবং বর্ণনা অনুযায়ী Garnetted Stock, যার H.S. Code 5202.91.00

( এ.কে.এম মাহবুবুর রহমান )
অতিরিক্ত কমিশনার-১,
কাস্টম হাউস, চট্টগ্রাম।

নথি নং-১৪/রপ্তানি-১/বিবিধ/২০০৭-১৮ | ২৫০৭৯ (৩) রপ্তানি    তারিখঃ ২২/০৫/২০১৮ খ্রীঃ

অনুলিপিঃ

ক) অবগতি ও কার্যক্রম গ্রহণের জন্য ঃ-

১. অতিরিক্ত কমিশনার-১/২/৩, কাস্টম হাউস, চট্টগ্রাম।
২. যুগ্ম কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম।
৩. উপ/সহকারী কমিশনার (সকল), কাস্টম হাউস, চট্টগ্রাম।
৪. সভাপতি/ সাধারণ সম্পাদক, সিএন্ডএফ এজেন্ট এসোসিয়েশন, চট্টগ্রাম।
৫. সভাপতি/ সাধারণ সম্পাদক, বাংলাদেশ টেক্সটাইল এন্ড গার্মেন্টস ওয়েস্ট প্রসেসর এন্ড এক্সপোর্টার এসোসিয়েশন।
৬. রাজস্ব কর্মকর্তা, রপ্তানি শাখা-১, কাস্টম হাউস, চট্টগ্রাম।
৭. রাজস্ব কর্মকর্তা, (রপ্তানি সংশ্লিষ্ট সকল ডিপো), কাস্টম হাউস, চট্টগ্রাম।

খ) সদয় অবগতির জন্যঃ

১. সদস্য (শুল্ক:নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা।
২. কমিশনার, কাস্টম হাউস ঢাকা/মোংলা/ বেনাপোল/ পানগাঁও/ আইসিডি (কমলাপুর)।
৩. পিএটু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. পিএটু কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম। (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. অফিস কপি।

২২/৫/১৮
( মোঃ বাবুল ইকবাল )
ডেপুটি কমিশনার,
কাস্টম হাউস, চট্টগ্রাম।

২২/৫/১৮